শৈলকুপায় মসজিদ নির্মানকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত ৮

একই গ্রামে দ্বিতীয় মসজিদ নির্মানকে কেন্দ্র করে প্রতিদ্বন্দী গ্রামবাসিদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। ঘটনাটি বৃহস্পতিবার সকালে ঝিনাইদহের শৈলকুপার ৬নং সারুটিয়া ইউনিয়নের বরুরিয়া গ্রামে। সংঘর্ষে উভয় পক্ষের ৮ ব্যক্তি আহত হয়। তাদের শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এলাকাবাসিদের সূত্রে জানা যায়, দীর্ঘদিন যাবত বরুরিয়া গ্রামে মুক্তার হোসেন জোয়ার্দ্দার ও মনোয়ার হোসেনের মধ্যে বিরোধ চলে আসছে। এ ঘটনায় মুক্তার হোসেন ও তার সমর্থকরা গ্রামটিতে আলাদা মসজিদ নির্মান শুরু করলে তার বিরোধীতা করতে থাকে মনোয়ার বিশ্বাস সমর্থকরা।

এ ঘটনাকে কেন্দ্র করে বৃহস্পতিবার সকালে উভয় পক্ষের সমর্থকরা দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পরে। এ সময় আলাউদ্দিন মোল্যা, গোলাম মোস্তফা, জাফুরুল ইসলাম, হাসান উদ্দিন, নজরুল বিশ্বাস ও আলাউদ্দিন সহ ৮ ব্যক্তি আহত হয়। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। আহতদের মধ্যে নজরুল ইসলামের অবস্থা গুরুত্বর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন চিকিৎসক।

শৈলকুপা থানার ওসি(তদন্ত) মহসিন হোসেন জানান, সংঘর্ষের কথা তারা শুনেছেন তবে থানায় কোন পক্ষই অভিযোগ দায়ের করেনি বলে জানান।

কোটচাঁদপুরে প্রতিবেশীর হামলায় বাবা-ছেলেসহ আহত ৫

ঝিনাইদহের কোটচাঁদপুরে জমি-জমার বিরোধের জেরে প্রতিবেশীর উপর হামলার ঘটনা ঘটেছে। এঘটনায় বাবা-ছেলে সহ ৫ জন আহত হয়েছেন।

প্রতিপক্ষ প্রতিবেশীরা দেশীয় অস্ত্র নিয়ে বাবা-ছেলে সহ ৫ জনকে কুপিয়ে জখম করেছে বলে জানাযায়।

গত মঙ্গলবার উপজেলার কুশনা ইউনিয়নের মহনপুর গ্রামে এ ঘটনা ঘটে। হামলার স্বীকার হলেন, ওই এলাকার মৃত ফকির চাঁদ মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৭০), রাজ্জাকের ছোট ছেলে সোহাগ হোসেন (৩৫), বড় ছেলে সেলিম হোসেন (৪০), রাজ্জাকের চাচাতো ভাই আব্দুল মান্নানের ছেলে জিহাদ হোসেন (২০), ও আক্কাস আলীর স্ত্রী ভদিরন নেছা (৪২)।

আহতদের পরিবার সূত্রে জানা যায়, উপজেলার মহনপুর গ্রামের আব্দুল মান্নানের বাড়ির সীমানার পশে প্রতিবেশী মৃত কিসমত আলীর ছেলে শহিদুল ইসলামের জমি। ঘটনার দিন জমির সীমানা নির্ধারণ করতে যেয়ে মান্নানের জমির মধ্যে শহিদুলের দুটি নারকেল গাছ চলে আসে। নিজের জমিতে রান্না ঘর তৈরী করার জন্য প্রতিবেশী শহিদুলকে তার গাছ দুটি কেটে নিতে বলেন।

এসময় উভয়ের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে অভিযুক্ত শহিদুল ইসলাম তার উপর চড়াও হয়। পরে তাদের সাথে ওই এলাকার আবুল কাশেম, মহিদুল, আব্দুল মালেক, শিমুল হোসেন, নাহিদ, বিপুল, শাহিনুর রহমান, মনিরুল ও সজিব দেশীয় অস্ত্র নিয়ে একত্রে হামলা চালায়।

হামলায় বাবা-ছেলে সহ একই পরিবারের ৫ জন আহত হন। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন।
এঘটনায় গুরতর আহত ৪ জন কে যশোর জেনারেল হাসপাতালে পাঠায় চিকিৎসক। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য আব্দুর রাজ্জাক ও ছেলে সোহাগকে ঢাকায় রেফার্ড করা হয়।

হামলার ঘটনায় গুরতর আহত আব্দুর রাজ্জাকের চাচাতো ভাই সিরাজুল ইসলাম বাদী হয়ে কোটচাঁদপুর থানায় অভিযুক্তদের বিরুদ্ধে মামল দায়ের করেছেন।
কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন জানান, মারামারির ঘটনায় মামলা দায়ের হয়েছে। সঠিক তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে।

শৈলকুপায় করোনায় আক্রান্ত হয়ে একজনের মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় এক দিনের ব্যবধানে আবারও করোনা আক্রান্ত হয়ে ওমর ফারুক (৪০) নামে ১ ব্যক্তির মৃত্যু হয়েছে। তিনি গতকাল বুধবার রাত ৩ টার সময় ঝিনাইদহ সদর হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

মৃত ব্যক্তি উপজেলার উলুবাড়িয়া গ্রামের মকবুল হোসেনের ছেলে। ইসলামিক ফাউন্ডেশন ঝিনাইদহ এর উপপরিচালক মোঃ আব্দুল হামিদ খান জানান, অসুস্থ অবস্থায় ওমর ফারুককে গত ০৯ এপ্রিল ঝিনাইদহ সদর সপাতালের করোনা ওয়ার্ডে ভর্তি করা হয়।

সেখানেই চকিৎসাধিন অবস্থায় গতকাল বুধবার রাত ৩ টায় ইন্তেকাল করেন। তিনি এভারেষ্ট ফার্মাসিউটিক্যাল এর ডিপোম্যানেজার হিসাবে রাজশাহীতে কর্মরত ছিলেন।

ঝিনাইদহ জেলা প্রশাসক মোঃ মজিবর রহমানের অনুমতিক্রমে ইসলামিক ফাউন্ডেশন ঝিনাইদহ উপপরিচালকের সার্বিক ত্ত্বাবধানে উপজেলা দাফন কমিটির দস্যরা ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে গতকাল বুধবার সকালে লাশ গ্রহন করে গ্রামের বাড়িতে যায় এবং জানাজা শেষে তাকে পারিবারিক গোরস্থানে একইদিন দুপুর ১২.০০ টায় দাফন সম্পন্ন করা হয়।

কোটচাঁদপুরে প্রতিবেশীর হামলায় বাবা-ছেলেসহ আহত ৫

ঝিনাইদহের কোটচাঁদপুরে জমি-জমার বিরোধের জেরে প্রতিবেশীর উপর হামলার ঘটনা ঘটেছে। এঘটনায় বাবা-ছেলে সহ ৫ জন আহত হয়েছেন।

প্রতিপক্ষ প্রতিবেশীরা দেশীয় অস্ত্র নিয়ে বাবা-ছেলে সহ ৫ জনকে

কুপিয়ে জখম করেছে বলে জানাযায়।

গত মঙ্গলবার উপজেলার কুশনা ইউনিয়নের মহনপুর গ্রামে এ ঘটনা ঘটে। হামলার স্বীকার হলেন, ওই এলাকার মৃত ফকির চাঁদ মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৭০), রাজ্জাকের ছোট ছেলে সোহাগ হোসেন (৩৫), বড় ছেলে সেলিম হোসেন (৪০), রাজ্জাকের চাচাতো ভাই আব্দুল মান্নানের ছেলে জিহাদ হোসেন (২০), ও আক্কাস আলীর স্ত্রী ভদিরন নেছা (৪২)।

আহতদের পরিবার সূত্রে জানা যায়, উপজেলার মহনপুর গ্রামের আব্দুল মান্নানের বাড়ির সীমানার পশে প্রতিবেশী মৃত কিসমত আলীর ছেলে শহিদুল ইসলামের জমি। ঘটনার দিন জমির সীমানা নির্ধারণ করতে যেয়ে মান্নানের জমির মধ্যে শহিদুলের দুটি নারকেল গাছ চলে আসে। নিজের জমিতে রান্না ঘর তৈরী করার জন্য প্রতিবেশী শহিদুলকে তার গাছ দুটি কেটে নিতে বলেন।

এসময় উভয়ের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে অভিযুক্ত শহিদুল ইসলাম তার উপর চড়াও হয়। পরে তাদের সাথে ওই এলাকার আবুল কাশেম, মহিদুল, আব্দুল মালেক, শিমুল হোসেন, নাহিদ, বিপুল, শাহিনুর রহমান, মনিরুল ও সজিব দেশীয় অস্ত্র নিয়ে একত্রে হামলা চালায়। হামলায় বাবা-ছেলে সহ একই পরিবারের ৫ জন আহত হন। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন।

এঘটনায় গুরতর আহত ৪ জন কে যশোর জেনারেল হাসপাতালে পাঠায় চিকিৎসক। পরে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য আব্দুর রাজ্জাক ও ছেলে সোহাগকে ঢাকায় রেফার্ড করা হয়।

হামলার ঘটনায় গুরতর আহত আব্দুর রাজ্জাকের চাচাতো ভাই সিরাজুল ইসলাম বাদী হয়ে কোটচাঁদপুর থানায় অভিযুক্তদের বিরুদ্ধে মামল দায়ের করেছেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন জানান, মারামারির ঘটনায় মামলা দায়ের হয়েছে। সঠিক তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে।

কালীগঞ্জে শিক্ষক ছাত্রের চুইঝাল চাষে সফলতা, তৈরি হচ্ছে কর্মসংস্থান

আরজান আলী যশোর ক্যান্টনমেন্ট কলেজের ব্যবসা-ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক। আর এহসানুল হক জিহাদ একই কলেজের অনার্স শেষ বর্ষের ছাত্র। করোনার কারণে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষক-ছাত্র মিলে শুরু করেছিলেন চুইঝাল চাষ। এখন সেই চাষে সফলতা দেখতে পাচ্ছেন শিক্ষক ও ছাত্র।

সরেজমিনে কালীগঞ্জ উপজেলার হাসানহাটি গ্রামে গিয়ে দেখা যায়, প্রায় ২ বিঘা জমিতে চাষ করেছেন চুইঝালের। এছাড়াও ৫ শতক জমিতে রয়েছেন চুইঝালের নার্সারী।

অনার্স শেষ বর্ষের ছাত্র এহসানুল হক জিহাদ জানান, করোনাকালে কলেজ বন্ধ থাকায় কিছু একটা করার পরিকল্পনা থেকে চুইঝাল চাষ শুরু করি। ২০১৯ সালের মাঝামাঝি সময়ে বোনের বাড়িতে বেড়াতে যায়। সেখানে গিয়ে দেখতে পান চুইঝালের চাষ। এরপর খোঁজখবর নিয়ে চুইঝালের চাষের প্রতি আগ্রহী হই। প্রথমে ৩৫ টাকা দিয়ে একটি চারা কিনে আনেন। বোনের বাড়ি থেকে কিনে আনা চারাটি বাড়িতে লাগানোর এক বছর পর মূল্য হয় প্রায় পাঁচ হাজার টাকা।

তিনি আরো জানান, এরপর করোনায় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ায় ২০২০ সালের নভেম্বর মাসে বাণিজ্যিকভাবে চুইঝালের চাষ শুরু করেন। ডুমুরিয়া থেকে কাটিং এনে ২০০ চারা তৈরি করেন নার্সারীতে। সেই চারা দিয়ে বর্তমানে দুই বিঘা জমিতে চুইঝালের চাষ করছেন। জমিতে প্রায় ৪০০ চারা আছে। এছাড়াও ৫ শতক জমিতে তৈরি করেছেন নার্সারী। প্রতি পিস চারা তৈরিতে খরচ হয় ১০ থেকে ১৫ টাকা। বর্তমানে নার্সারীতে প্রায় ২০ হাজারের মতো চারা রয়েছে। বাজারমূল্য প্রতিপিস ৩৫ টাকা হলেও ৭ লক্ষ টাকার চারা রয়েছে।

আরজান আলী জানান, করোনাকালে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ। এরমধ্যে জিহাদকে চুইঝালের চাষের কথা বলি। সে রাজি হওয়ায় এ অঞ্চলে

চুইঝালের চাষ শুরু হয়েছে। প্রতিমাসে চুইঝাল চাষ করে অনায়াসে ৫০ হাজার টাকা আয় করা সম্ভব। জিহাদের সাথে আমিও চাষে সময় দিই। শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় সময় দিতে পারছি। এ চাষে সময় কম দিলেও সমস্যা নাই। নার্সারী থেকে চুইঝালের চারা দেশের বিভিন্ন জেলায় পাঠানো হচ্ছে। বর্তমানে নার্সারীতে ৪ জন বেকারের কর্মসংস্থান হয়েছে। প্রতিদিনি তারা ৫০০ টাকা করে মজুরি পাই।

কালীগঞ্জ উপজেলা কৃষি অফিসার শিকদার মো: মোহায়মেন আক্তার জানান, তার জানামতে উপজেলায় এটিই চুইঝালের প্রথম চাষ। তারা যোগাযোগ করলে যেকোন ধরনের পরামর্শ ও সহযোগিতা কৃষি অফিসের পক্ষ থেকে করা হবে।

ঝিনাইদহে বোরো ধান কর্তনের উদ্বোধন

ঝিনাইদহে চলতি বোরো মৌসুমের ধান কর্তনের উদ্বোধন করা হয়েছে। গতকাল সোমবার সকালে সদর উপজেলার সাধুহাটি গ্রামের সদর কৃষি অফিসের আয়োজনে কৃষক নাজিরুল ইসলামের ক্ষেতে নমুনা কর্তনের মাধ্যমে এ উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক মজিবর রহমান।

এসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ আজগর আলী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহিন, কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, সাধুহাটি ইউনিয়নের কাজী নাজির উদ্দিনসহ কৃষক-কৃষাণীরা উপস্থিত ছিলেন।

কৃষি কর্মকর্তারা জানান, চলতি মৌসুমে জেলার ৬ উপজেলায় ৮০ হাজার ২’শ ৮৪ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ করা হয়েছে। এবার ব্রি-ধান-৮২, ২৮সহ বিভিন্ন জাতের ধানের আবাদ হয়েছে।

কোটচাঁদপুরে দোকানে ভয়াবহ অগ্নিকান্ড, ৫টি দোকান ভষ্মিভূত

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের মেইন বাজারে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডের ঘটনায় ৫টি দোকান ভষ্মিভূত হয়েছে। সাধারণ মানুষের সহযোগিতায় ফায়ার সার্ভিসের ৪টি ইউনিট ৩ ঘন্টার প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনেন। এঘটনায় হতাহতের কোন ঘটনা ঘটেনি।

অগ্নিকান্ডে আশপাশের দোকান ও এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। গতকাল রবিবার রাত ৯ টার দিকে মেইন বাজারের দুধসারা রোডে ভয়াবহ এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। দূর্ঘটনার সঠিক কারন এখনো পর্যন্ত জানা যায়নি। তবে প্রাথমিকভাবে ফায়ার সার্ভিস ও পুলিশের ধারণা বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হতে পারে।

পুলিশ জানায়, গতকাল রবিবার রাত ৯টার দিকে একটি টিনের মার্কেটে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটে। এসময় ফাষ্টফুড, কাগজ-বস্তা, সেলুন ও লন্ডিসহ একটি ঘি তৈরীর দোকান পুড়ে ছায় হয়ে যায়। অগ্নিকান্ডের ঘটনায় ২১ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে পুলিশ জানায়।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ষ্টেশন মাষ্টার প্রদীপ কুমার মন্ডল জানান, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌছায়। কোটচাঁদপুর সহ ঝিনাইদহ, কালিগঞ্জ ও মহেশপুরের ফায়ার সার্ভিসের ৪টি ইউনিট ৩ ঘন্টার চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন।

ঝিনাইদহ জেলা ফায়ার সার্ভিসের উপঃ সহকারি পরিচালক শামিমুল ইসলাম জানান, ঘটনাস্থলে পানির কোন ব্যবস্থা না থাকায় আগুন নিয়ন্ত্রণে আনতে সময় লাগছে। এঘটনায় কেউ নিহত বা গুরুতর আহত হয়নি।

তিনি বলেন, তদন্ত কমিটি গঠন করে সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যাবে।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন,

পৌর মেয়র সহিদুজ্জামান সেলিম, থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন সহ স্থানীয় রাজনৈতিক নেতারা।

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে বিভিন্ন ব্যক্তি ও ব্যবসায়ীদের জরিমানা

সরকার নির্ধারিত মুল্যের চেয়ে বেশি দামে পণ্য বিক্রি, মেয়াদ উর্ত্তীণ মালামাল রাখা, সামাজিক দুরত্ব বজায় না রেখে কেনা-বেচা করাসহ নানা অপরাধে ঝিনাইদহে অর্ধশত ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল রবিবার সকাল থেকে দুপুর পর্যন্ত জেলা প্রশাসনের পরিচালিত কয়েকটি ভ্রাম্যমাণ আদালত এ দন্ডাদেশ প্রদাণ করেন।

জেলা প্রশাসক মজিবুর রহমান জানান, রমজান ও লকডাউনের কারণে সরকার নির্ধারিত মুল্যের চেয়ে বেশি দামে ও ক্রয়কৃত পণ্যে বিক্রির সময় বেশি দাম রাখা হচ্ছে এমন সংবাদ পাওয়া যায়। এমন সংবাদের ভিত্তি শহরের বিভিন্ন এলাকায় অভিযান চালায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, নির্বাহী ম্যাজিস্ট্রেট এরফানুল হক চৌধুরী, জিন্নাতুল ইসলাম, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

এসময় শহরের নতুন হাটখোলা, পুরাতন হাটখোলার কাঁচামাল, মুদি, মাছ ব্যবসায়ীদের বিভিন্ন অংকের জরিমানা করা হয়।
এছাড়াও মাস্ক না পড়ে কেনা-বেচা করার অপরাধেও জরিমানা করা হয়।

কালীগঞ্জে শশার ক্ষেত কেটে দিলো দূর্বৃত্তরা

ঝিনাইদহের কালীগঞ্জের এক কৃষকের ধরন্ত শশার ক্ষেত কেটে সাবাড় করেছে দূর্বৃত্তরা।

গত শনিবার দিবাগত রাতে উপজেলা মালিয়াট ইউনিয়নের গয়েশপুর গ্রামের মাঠে এই ক্ষেত কেটে দেয়। রবিবার সকালে শশা তুলতে গিয়ে দেখতে প্রায় গাছগুলো শুকিয়ে যাচ্ছে। আজ তার আট কাঠার এই ক্ষেত থেকে চার মন শশা ওঠার কথা ছিল। ক্ষতিগ্রস্ত শশা ক্ষেতের মালিক গয়েশপুর গ্রামের আনসার আলীর ছেলে বাপ্পারাজ ওরফে বাপ্পি। এর আগেও গত এক বছরে তার চারবার বেগুন ও ফুলকপিসহ বিভিন্ন সবজি ক্ষেত কেটে দেয় দুর্বৃত্তরা।

সংবাদ পেয়ে মালিয়াট ইউনিয়নের চেয়ারম্যান একরামুল হক সংগ্রাম ও তত্বিপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ রফিকুল ইসলাম ক্ষতিগ্রস্ত ক্ষেত পরিদর্শন করেছেন।

ক্ষতিগ্রস্ত কৃষক বাপ্পি জানান, আমার এই জমিতে শষা চাষ করতে এখনো পর্যন্ত প্রায় ১০ হাজার টাকা খরচ হয়েছে। এখান থেকে আমি প্রায় ৫০ হাজার টাকা শশা বিক্রি করার আশা ছিল। গতকাল রবিবারও চারমন শশা তোলার আশা করে মাঠে গিয়েছিলাম। ক্ষেতে গিয়ে দেখি কারা আমার জমির সব গাছ কেটে সাবাড় করে দিয়েছে।

তত্বিপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই রফিকুল ইসলাম বিষয়টি চরম অমানবিক উল্লেখ করে জানান, লোকমুখে সংবাদ পেয়ে ক্ষতিগ্রস্ত ক্ষেত পরিদর্শনে গিয়েছিলাম। তবে ক্ষতিগ্রস্ত কৃষক কোন অভিযোগ দেয়নি। অভিযোগ দিলে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে।

শৈলকুপায় পরিত্যক্ত বাড়ি থেকে

যুবকের ঝুলন্ত মরাদেহ উদ্ধার

ঝিনাইদহের শৈলকুপা মধ্যপাড়ায় দীর্ঘদিনের পরিত্যক্ত বাড়ি থেকে শনিবার রাতে মোঃ সোলাইমান (১৮) নামে এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে। সে ঐ গ্রামের মোঃ মুতালেব হোসেনের ছেলে। স্থানীয়রা জানান, শনিবার রাত আনুমানিক ৯◌ঃ৩০ মিনিটের সময় মধ্যপাড়া কুমার নদীর পাশে একটা পরিত্যক্ত বাড়িতে ঝুলন্ত অবস্থায় তাকে দেখাতে পাওয়া যায়। এরপর শৈলকুপা থানা পুলিশকে জানালে পুলিশ এসে তাকে উদ্ধার করে।। তারাবীর নামাজের আগে মসজিদে অনেকের সাথে দেখাও হয় বলে জানান স্থানীয়রা। বোনের সাথে কথা বলে জানা গেছে, সোলাইমান শনিবার তার নিজ বাড়িতে ইফতারি করে নামাজের উদ্দেশ্যে শৈলকুপা শাহি মসজিদে যায়। এরপর আর সে বাসায় ফিরে আসেনি। সোলাইমান দিনমজুরের কাজ করত। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।
শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর হোসেন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে এবং ময়না তদন্তের জন্য লাশ ঝিনাইদহ মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে।